

Ex/BANGLA/PG/4.2/78/2019(OLD)

স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা (পুরাতন পাঠক্রম)

পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব

কোর্স : পি.জি. : ৪.২

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. 'অনুকরণ' কী? অনুকরণ কি একটি সৃষ্টিশীল প্রক্রিয়া? আলোচনা করো। ১০

অথবা

১খ. আরিস্তস্তল অনুযায়ী ট্রাজেডিতে সরল কাহিনি ও জটিল কাহিনির মাত্রাভেদ কতটুকু? উভয়ের বৈশিষ্ট্য কী দেখাও।

অথবা

১গ. প্রসঙ্গ উল্লেখ করে সংক্ষিপ্ত আলোচনা করো (দুটি)

অনুকরণের মাধ্যম (Medium of Imitation), চরিত্রের চারটি বৈশিষ্ট্য, ক্যাথারসিস, Tragic Error. ১০

২ক. প্রথম প্রকাশকালে 'লিরিক্যাল ব্যালাডস'-এর কোনো ভূমিকা ছিল না। তারপর দ্বিতীয় ও তৃতীয় সংস্করণে যুক্ত হল 'প্রিফেস টু লিরিক্যাল ব্যালাডস'। ওয়ার্ডসওয়ার্থের তরফে এই ভূমিকা লেখা কেন জরুরি ছিল আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা

২খ. কবিতার উৎস ও লক্ষ্য আনন্দ বলতে ওয়ার্ডসওয়ার্থ কী বোঝাতে চেয়েছেন? তাঁর মতে এ ক্ষেত্রে ছন্দ, অলংকার ও কাব্যভাষার গুরুত্ব কতখানি? ১০

(Turn over)

(2)

৩ক. লেখকের মতাদর্শ আর তার রচিত পাঠের মতাদর্শ কি এক হতে বাধ্য?
উদাহরণসহ আলোচনা করো। ১০

অথবা

৩খ. প্রসঙ্গ উল্লেখ করে সংক্ষিপ্ত আলোচনা করো (দুটি) ১০
উপরিকাঠামো (Super Structure), Hegemony, Ideological
State Apparatus, শ্রেণীসংগ্রাম।

৪ক. ফ্রয়েডের মতে মানুষের ইগো (Ego)-এর প্রধান কর্তব্য কী? সেই কর্তব্য
পালন না করতে পারলে কী কী সমস্যা হতে পারে? উদাহরণ দিও। ১০

অথবা

৪খ. যে কোনো দুটির সম্পর্কে টীকা লেখো : ১০
ইড (Id), সুপারইগো (Superego), দিবা স্বপ্ন (Daydreaming),
Fixation.

৫ক. 'Author' বলতে বার্তা আর ফুকো কী বোঝাতে চান? এই "Author"-কে
কি আমরা লেখক বলতে পারি? তোমার মত যুক্তি দিয়ে ব্যাখ্যা করো। ১০

অথবা

৫খ. "Founders of discursivity" বলতে ফুকো কী বোঝাতে চেয়েছেন?
Author-এর সঙ্গে তার পার্থক্য কী? উদ্ধৃতি দাও।